দৈনিক ইত্তেফাক

MAY 20 2002

MAY 25 2002

তারিখ ...

পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৩ ...

## নামেই সরকারী কলেজ

# শিক্ষকের অভাব প্রকট ॥ লেখাপড়া বিঘ্নিত

বাকেরগঞ্জ (বরিশাল) থেকে সংবাদদাতা ॥ শুরু থেকেই সরকারী বাকেরগঞ্জ কলেজ শিক্ষক শূন্যতায় রয়েছে। বর্তমানে এ অবস্থা আরো প্রকট আকার ধারণ করায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে। ১৯৭৯ সালে প্রতিষ্ঠিত এ কলেজটি ১৯৮৯ সালে সরকারী ঘোষণা করা হয়। ১৯৮২ সালের দিকে কলেজটিতে অনার্স কোর্স চালুর জন্য আবেদন করা হলেও আজ পর্যন্ত তা কার্যকর হয়নি। বর্তমানে ডিগ্রী পর্যন্ত চালু এ কলেজটিতে ১৪টি বিষয়ের জন্য মাত্র দুইজন সহকারী অধ্যাপক ওদশজন প্রভাষক কর্তব্যরত আছেন।

উপাধ্যক্ষের পদটি বছরখানেক ধরে শূন্য রয়েছে। বাংলা বিভাগে সহকারী অধ্যাপক ও প্রভাষকের ২টি পদই শূন্য। ইংরেজী বিভাগে প্রভাষকের একমাত্র পদটিও শূন্য রয়েছে। হিসাব বিজ্ঞান বিভাগে প্রভাষকের ২টি পদের মধ্যে ১টি পদ শূন্য। ব্যবস্থাপনা বিভাগে ৩টি পদের মধ্যে প্রভাষকের ১টি পদ শূন্য। মার্কেটিং বিভাগে সহকারী অধ্যাপকের পদটি দীর্ঘদিন যাবৎ শূন্য। রাষ্ট্রবিজ্ঞান বিভাগে প্রভাষকের ২টি পদই শূন্য। সাধারণ

(১০ম পৃ: দ্র:)

## নামেই সরকারী কলেজ

প্রদর্শকের ৩টি পদের মধ্যে রসায়ন বিজ্ঞানের পদটিও দীর্ঘদিন যাবৎ শূন্য। এছাড়া সহকারী লাইব্রেরীয়ান কাম ক্যাটালগার পদটি দীর্ঘ ৮ বছর যাবৎ শূন্য রয়েছে। প্রধান অফিস সহকারীর পদটি ৩/৪ বছর যাবৎ শূন্য। এমএলএসএস'র ১টি পদ থাকলেও লোক নেই। বেশ কয়েক বছর যাবৎ কলেজটির পরীক্ষার ফলাফল হতাশাব্যঞ্জক।